প্রথম আলো
প্রথম আলো

তারিখ ২৪ JAN 2009
পৃষ্ঠা ২১ কলাম ৫

# শিক্ষার মান ও শিক্ষকদের মর্যাদা উন্নয়নে শিক্ষকদের একযোগে কাজ করতে হবে

## –জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট

**স্টাফ রিপোর্টার ঃ** শিক্ষার মান ও শিক্ষকদের মর্যাদা উন্নয়নে দেশের শিক্ষক সমাজ মহাজোট সরকারের সাথে একযোগে কাজ করার আহ্বান জানিয়েছে। এক প্রেস বিজ্ঞপ্তিতে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট দেশের বিভিন্ন শিক্ষা বোর্ড ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফিস ও শিক্ষা উপকরণের মূল্য হ্রাস করে শিক্ষার ব্যয় কমানো, জরুরী ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠানে শূন্যপদ পূরণ, অশুভ চক্রের বাধা অপসারণ করে ছাত্রছাত্রীদের পাঠ্যপুস্তক প্রাপ্তি ও শিক্ষা-কর্মীদের চাকরিবিধি নিশ্চিতকরণের জন্য সরকারের কাছে আহ্বান জানায়। একই সাথে জোট সরকারের আমলের দুর্নীতির উপর শ্বেতপত্র প্রকাশ এবং সে সময়ে চাকরিচ্যুত ও বিভিন্নভাবে নির্যাতিত বঞ্চিত শিক্ষক কর্মচারীদের নির্যাতন বঞ্চনার প্রতিবিধান, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের কার্যকারিতা ও উপযোগিতা নির্ধারণ, পরীক্ষা পদ্ধতির যুগোপযোগী সংস্কার, শিক্ষক-শিক্ষা ব্যবস্থাপক-শিক্ষা প্রশাসকের জবাবদিহিতা নিশ্চিতকরণ, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষাবোর্ড, মাউশি ও বিশ্ববিদ্যালয়ের সাথে সমন্বয় সাধনকে অগ্রাধিকারদানের লক্ষ্যে টাস্কফোর্স গঠনের জন্য সরকারের কাছে আহ্বান জানায়।